




# বন্যা কবলিত এবং বন্যা পরবর্তী গবাদিপশু ও হাঁস-মুরগির সুরক্ষায় কৃষক/খামারি ভাইদের জন্য

- গবাদিপশু ও হাঁস-মুরগিকে যথাসম্ভব উঁচু স্থানে ও শুকনো জায়গায় সম্ভব হলে মাচা বা বেড়া দিয়ে নিরাপদ জায়গায় রাখার ব্যবস্থা করতে হবে। প্রয়োজনে ত্রিপল ব্যবহার করে অস্থায়ী তাঁবু বা শেড নির্মাণ করে রোদ-বৃষ্টি থেকে রক্ষার ব্যবস্থা নিতে হবে।
- গবাদিপশু ও হাঁস-মুরগির জন্য স্বাস্থ্য সুরক্ষা, জরুরি পশুখাদ্য (যেমন: শুকনো খড়, বাঁশের পাতা, কলার পাতা, শেওড়া পাতা, গমের ভুষি, ডালের ভুষি ইত্যাদি) ও বিশুদ্ধ পানির ব্যবস্থা করতে হবে।
- গবাদিপশু-পাখিকে বন্যার পানি খাওয়ানো যাবে না। প্রয়োজনে পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট বা ফিটকিরি দ্বারা বিশুদ্ধ করে খাওয়াতে হবে।
- খড়সহ অন্যান্য পশু খাদ্য উঁচু স্থানে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- বন্যাকালীন গবাদিপশু ও হাঁস-মুরগির বাসস্থানে নিয়মিত জীবাণুনাশক স্প্রে করতে হবে এবং পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- মৃত গবাদিপশু ও হাঁস-মুরগি মাটির নিচে পুঁতে ফেলার ব্যবস্থা করতে হবে।
- গবাদিপশু ও হাঁস-মুরগির যেকোনো পরামর্শ সেবার জন্য অধিদপ্তরের কল সেন্টারের ১৬৩৫৮ এ ফোন করা যেতে পারে।
- বন্যার পানি নেমে যাওয়ার পর গবাদিপশু ও হাঁস-মুরগিকে উপজেলা প্রাণিসম্পদ অফিসের পরামর্শ এবং সহযোগিতায় টিকা প্রদান করতে হবে।
- গবাদিপশু ও হাঁস-মুরগি সংক্রান্ত যেকোনো বিষয়ে পরামর্শের জন্য নিকটস্থ প্রাণিসম্পদ অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।



প্রচারে: মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

